



World University Rankings 2026 Asia

টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) এশিয়া ইউনিভার্সিটি র্যাংকিংস ২০২৬-এ আঞ্চলিক অঙ্গনে আবারো নিজেদের শক্ত অবস্থান প্রমাণ করেছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। এপ্রিলের শেষ সপ্তাহে প্রকাশিত এই র্যাংকিংসে এনএসইউ ৩৫১-৪০০ ধাপে স্থান পেয়েছে। এই অর্জনের মাধ্যমে বাংলাদেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথভাবে শীর্ষ স্থান অধিকার করেছে এনএসইউ, একই অবস্থানে রয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। বাংলাদেশের সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) সর্বোচ্চ অবস্থানে রয়েছে, তারা ৩০১-৩৫০ ধাপে স্থান পেয়েছে। **বিজ্ঞপ্তি**



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (এসএইচএসএস) আজ 'নীল বিদ্রোহের স্মৃতিপটে: যা অম্লান, যা বিস্মৃত, যা বিবর্তিত' শীর্ষক বিশেষ আলোচনা সভার আয়োজন করে। এসএইচএসএস ডিস্টিংগুইশড লেকচার সিরিজের অংশ হিসেবে অনুষ্ঠিত এই আলোচনা সভা বিশ্ববিদ্যালয়ের এসএইচএসএস কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের অনারারি অধ্যাপক এবং 'স্পর্ধা: ইনডিপেনডেন্ট থিয়েটার কালেক্টিভ'-এর প্রতিষ্ঠাতা সদস্য অধ্যাপক সৈয়দ জামিল আহমেদ। অনুষ্ঠানটির সঞ্চালক এবং এনএসইউ-এর কোষাধ্যক্ষ অধ্যাপক আব্দুর রব খান সমাপনী বক্তব্য প্রদান করেন। **বিজ্ঞপ্তি**